# দৈনিক ইত্তেফাক

তারিখ ... 11 MAY 19[illegible]
পৃষ্ঠা [illegible] কলাম ৪


## বুয়েট শিক্ষক সমিতির সহিত পদত্যাগী ভিসির বৈঠক

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে গতকালও (রবিবার) অচলাবস্থা অপরিবর্তিত রহিয়াছে। শিক্ষক ও কর্মকর্তাদের অবিরাম কর্মবিরতির কারণে গতকাল বুয়েটে ক্লাস-পরীক্ষা হয় নাই। একাডেমিক কর্মকান্ড স্থবির হইয়া পড়িয়াছে। পদত্যাগী ভিসি ডঃ ইকবাল মাহ্‌মুদের সঙ্গে তাঁহার কেমি কৌশল বিভাগের অফিস কক্ষে বুয়েট শিক্ষক সমিতির এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে সার্বিক পরিস্থিতি নিয়া আলোচনা হইলেও সংকট নিরসনের ব্যাপারে কোন সিদ্ধান্ত হয়

(২য় পৃষ্ঠায়,৩-এর কঃ দ্রঃ)

## পদত্যাগী ভিসির বৈঠক

(শেষ পৃঃ পর)

নাই। ভিসি গতকাল তাঁহার বিভাগীয় অফিসে বিকাল ৩টা পর্যন্ত অতিবাহিত করেন। ভিসি এই সময় বুয়েটের কিছু গুরুত্বপূর্ণ ফাইলে স্বাক্ষর করিয়াছেন। পদত্যাগের সময় গত ৪ঠা মে এই ফাইলগুলি স্বাক্ষরহীন অবস্থায় পড়িয়াছিল। এদিকে বুয়েটের তৃতীয় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীরাও শিক্ষক ও কর্মকর্তাদের সঙ্গে একাত্মতা প্রকাশ করিয়া আন্দোলনে নামিবার চিন্তা-ভাবনা করিতেছে। গতকাল তাহাদের এক সভা অনুষ্ঠিত হয়।

জানা গিয়াছে, বুয়েটের চ্যান্সেলর ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সহিত বুয়েট শিক্ষক সমিতির বৈঠক করার আগ্রহ প্রকাশ করিয়া চিঠি দিলেও কোন সাড়া মিলিতেছে না। শিক্ষক সমিতি বুয়েটের "স্বায়ত্তশাসনে নগ্ন হস্তক্ষেপের" জন্য প্রধানমন্ত্রীকে দোষারোপ করার প্রেক্ষিতে শিক্ষকরা সাড়া পাইতেছে না বলিয়া জানা গিয়াছে।

এদিকে সিন্ডিকেট কর্তৃক অব্যাহতিপ্রাপ্ত স্থাপত্য বিভাগের ১৩ জন শিক্ষক তাহাদের বিষয়টি পুনর্মূল্যায়নের জন্য আবেদনপত্র তৈরী করিয়াছেন। দুই-একদিনের মধ্যে তাহারা কর্তৃপক্ষকে এই আবেদনপত্র দিবেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫১ জন শিক্ষক গতকাল এক বিবৃতিতে বুয়েটের অচলাবস্থায় উদ্বেগ প্রকাশ করিয়াছেন। বিবৃতিতে এই অচলাবস্থাকে রাজনৈতিক রূপ দানে বিরত থাকিয়া এবং শিক্ষা, গবেষণা ও জাতীয় অগ্রগতির স্বার্থে শিক্ষকমন্ডলীকে আলোচনার মাধ্যমে একটি সম্মানজনক সমাধানে পৌছানোর আহ্বান জানান।

বিবৃতিতে স্বাক্ষর করেন, ডঃ দূর্গাদাস ভট্টাচার্য, ডঃ শাহাদত আলী, ডঃ সুলতানা শফি, ডঃ মুহাম্মদ সামাদ, ডঃ হারুন অর রশীদ, সেলিম মাহমুদ প্রমুখ। বুয়েটের স্থাপত্য বিভাগের ছাত্র-ছাত্রীরা গতকাল এক প্রেস বিজ্ঞপ্তিতে অচলাবস্থা নিরসনের দাবি জানায়।